271

তারিখ ... SEP. 22 1999
পৃষ্ঠা ১ কলাম ২ ...

# বগুড়া আযিযুল হক কলেজ উত্তপ্ত ॥ নির্বাচন স্থগিত ভাংচুর বিক্ষোভ

বগুড়া, ২১ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা) ॥ বগুড়া সরকারী আযিযুল হক কলেজ ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠেছে। ছাত্র সংসদের নির্বাচন ও ছাত্র সংসদের ম্যাগাজিন প্রকাশনা

(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## বগুড়া আযিযুল হক

(প্রথম পাতার পর)

নিয়ে সৃষ্ট পরিস্থিতিতে কলেজে উত্তেজনা, ভাংচুর ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটছে। সার্বিক পরিস্থিতি উত্তেজনাকর হয়ে ওঠায় কলেজ কর্তৃপক্ষ আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিতব্য ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ঘোষণা করেছে।

কলেজের ছাত্র সংসদ মেয়াদ উত্তীর্ণ হয়ে পড়ায় কলেজ কর্তৃপক্ষ ছাত্র সংসদ ভেঙ্গে দেয় এবং নতুন নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়। তবে এর পর পরই কলেজ বার্ষিকী ম্যাগাজিন প্রকাশ হয়। এ নিয়ে ছাত্রলীগসহ কয়েকটি ছাত্র সংগঠনে আলোড়ন ও উত্তেজনা সৃষ্টি হয় ও কলেজে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। ক্যাম্পাসে উত্তেজনাকর পরিস্থিতিতেও সোমবার ছাত্র সংসদের নির্বাচনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কথা ছিল। সোমবার দুপুরে ক্যাম্পাসে হঠাৎ করে উত্তেজনা বৃদ্ধি পায় এবং কয়েকটি শক্তিশালী বোমার বিস্ফোরণ ঘটে। এর পরেই কলেজে ব্যাপক ভাংচুর হয়। কলেজ কর্তৃপক্ষ এ ঘটনার জন্য ছাত্রলীগকে দায়ী করেছে। ভাংচুর ও ককটেল বিস্ফোরণের প্রেক্ষিতে পরে কলেজ কর্তৃপক্ষ সার্বিক পরিস্থিতি নির্বাচনের অনুকূলে না থাকায় আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিতব্য ছাত্র সংসদের নির্বাচন স্থগিত ঘোষণা করে। এদিকে ছাত্র সংগঠনগুলো নির্বাচন স্থগিত হওয়ায় মঙ্গলবার কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করে। জাসদ ছাত্রলীগ দুপুরে শহরে বিক্ষোভ মিছিল শেষে সাতমাথা এলাকায় দশ মিনিট সড়ক অবরোধ করে। ছাত্র সংগঠনগুলো অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচন সম্পন্ন করার দাবি জানিয়েছে।